**আবেহায়াত, আব-এ-হায়াত** জীবনবারি, অমৃতসলিল। বি। ফা+আ।

**আবোলতাবোল** এলোমেলো কথা, অসংবদ্ধ অর্থহীন কথা, অসংলগ্ন বাক্য, আগড়ম-বাগড়ম। বি। হি।

**আব্বা, আব্বু** আব্বাজান, বাবা, পিতা, জনক। বি। আ।

**আব্রহ্মস্তম্ব** ব্রহ্ম (পরমেশ্বর) থেকে স্তম্ব (তৃণগুচ্ছ) পর্যন্ত, বৃহত্তম বস্তু থেকে তুচ্ছ বস্তু অবধি। বি। সং।

**আভরণ** গয়না, অলঙ্কার, ভূষণ। বি। সং।

**আভা** ১. আলোর ছটা, দীপ্তি, প্রভা; ২. বর্ণ, রং (নীলাভ)। বি। সং।

**আভাং** গোটা শরীর ডলাইমলাই, সর্বাঙ্গ মর্দন (আভাং করে তেল মাখা)। বি।

**আভাঙা** অটুট, গোটা, আস্ত। বিণ।

**আভাষ** ১. আলাপ, সম্ভাষণ (দূরাভাষ); ২. মুখবন্ধ, ভূমিকা (গ্রন্থের আভাষ)। বি। সং।

**আভাষণ** ১. সম্ভাষণ, কথোপকথন; ২. উক্তি; ৩. অভিভাষণ, বক্তৃতা। বি। সং।

**আভাষিত** কথিত, উক্ত। বিণ। সং।

**আভাস** ১. ইঙ্গিত, সঙ্কেত (আবহাওয়ার পূর্বাভাস); ২. আভা, দীপ্তি, দ্যুতি (চন্দ্রালোকের আভাস) বি। সং।

**আভাসমান** প্রকাশমান, দীপ্যমান, প্রতীয়মান। বিণ। সং।

**আভাসিত** ১. ইঙ্গিতে সূচিত, ব্যঞ্জিত, দ্যোতিত; ২. প্রকাশিত, উদ্ভাসিত, দীপ্ত। বিণ। সং।

**আভাসে-ইঙ্গিতে** ইশারায়, সঙ্কেতযোগে, ঠারেঠোরে। ক্রিবিণ।

**আভিজাতিক** ১. অভিজাত সম্পর্কিত; ২. কৌলিক, বংশগত। বিণ। সং।

**আভিজাত্য** ১. অভিজাত বা সম্ভ্রান্ত ভাব, বংশমর্যাদা; ২. অতিশয় মার্জিত আচরণ, সুভদ্রতা। বি। সং।

**আভিধানিক** ১. অভিধান বিষয়ে, কোশগ্রন্থ সংক্রান্ত (আভিধানিক আলোচনা)। বিণ; ২. অভিধান রচয়িতা, কোশগ্রন্থ প্রণেতা, কোশকার, কৌশিক (হরিচরণ বন্দ্যোপাধ্যায় বাংলার এক বরেণ্য আভিধানিক)। বি। সং।

**আভিমুখ্য** ১. অভিমুখীনতা, সম্মুখবর্তিতা; ২. কোনও নির্দিষ্ট উদ্দেশ্যে লক্ষ্য বা গতি; ৩. আনুকূল্য, সহায়তা। বি। সং।

**আভীর** গোয়ালা, গোপ, আহির। বি। সং।

**আভীরী** গোয়ালিনি, আহিরিনি। বি।

**আভূমি** ভূমি পর্যন্ত, ভূমি স্পর্শ ক'রে (আভূমি নত)। ক্রিবিণ।

**আভোগ** ১. গানের চতুর্থ তুক বা শেষ অংশ, গীতসমাপ্তি; ২. পূর্ণতা, বিস্তার; ৩. ঈষৎ ভোগ। বি। সং।

**আভ্যন্তর, আভ্যন্তরিক** অভ্যন্তর বা ভিতরকার, মধ্যেকার, মাঝের, অন্তর্বর্তী, অভ্যন্তরীণ। বিণ। সং।

**আভ্যুতিক** আভ্যুদয়িক। বি/বিণ।

**আভ্যুদয়িক** ১. মাঙ্গলিক, কল্যাণকর; ২. শ্রীবৃদ্ধিজনক। বিণ; ৩. বিবাহ বা কোনও শুভ অনুষ্ঠানের আগে পিতৃপুরুষকে স্মরণ ও তর্পণের হিন্দু আচার। বি। সং।

**আম** ১. গরমকালে পাকে এমন শাঁস-ভরতি আঁটিওয়ালা রসালো ফল, আম্র, রসাল, সহকার। বাং; ২. উদরের





শ্লেষ্মা (আমাশয়)। সং। বি; ৩. সাধারণ (আমজনতা)। আ; ৪. কাঁচা, অপক্ব (আম মাংস)। বাং। বিণ।

**আম-আচার** সরষে লংকা ই. মিশিয়ে কাঁচা আমের চাটনি। বি। বাং+পো।

**আমআদা** আম্রফলের গন্ধযুক্ত হলুদের মতো একধরনের মূল। বি।

**আমগন্ধি** ১. কাঁচা বা অপক্ব জিনিসের মতো গন্ধ এমন; ২. দুর্গন্ধ। বিণ।

**আমচুর** শুকনো কাঁচা আমের ফালি, আমসি। বি।

**আমজনতা** সাধারণ মানুষ, জনসাধারণ, জনগণ, সর্বজন। বি। আ+সং।

**আমড়াগাছি** চাটুবাক্যে ভোলানোর চেষ্টা, অত্যধিক খোশামোদ। বি।

**আমতা-আমতা** খোলসা করে বলতে না-পারা, অস্পষ্ট উক্তি, জড়ানো কথা, ইতস্তত ভাব। ক্রিবিণ।

**আমদরবার** যে-বিচারসভায় সমাজের সকল স্তরের মানুষ অবাধে যোগ দিতে পারে, প্রকাশ্য সভা। বি। আ+ফা।

**আমদানি** ১. বাণিজ্যের উদ্দেশ্যে বিদেশ থেকে মালপত্র আনানো, অন্য জায়গা থেকে পণ্য নিয়ে আসা। বিপ. রফতানি; ২. জোগান, সরবরাহ (এবারে বাজারে আমের আমদানি বেশ ভাল); ৩. কেনাবেচায় উপার্জন, বিক্রিবাটা থেকে আয় (আজকের আমদানি তেমন হল না)। বি। ফা।

**আমদানি-রফতানি** পণ্যদ্রব্য বিদেশ থেকে নিয়ে আসার আর স্বদেশ থেকে বিদেশে পণ্যসামগ্রী পাঠানোর ব্যবস্থা। বি। ফা।

**আমন** জ্যৈষ্ঠে বীজ বুনে আষাঢ়ে রুয়ে অগ্রহায়ণে যে-ধান তোলা হয়, হেমন্তে পাকে যে-ধান, শালিধান, হৈমন্তিক ধান। বি।

**আমন্ত্রক** আমন্ত্রণকারী, আমন্ত্রয়িতা। বি। সং।

**আমন্ত্রণ** সাদরে আহ্বান, সম্মানের সঙ্গে আহ্বান, নিমন্ত্রণ, দাওয়াত। বি। সং।

**আমন্ত্রিত** আমন্ত্রণ করা হয়েছে এমন, আহূত, অভ্যাগত, মেহমান। বিণ। সং।

**আমপারা** ইসলামধর্মীয়দের পবিত্র ধর্মগ্রন্থ কোরানের তিরিশ সংখ্যক বা শেষতম পারা বা খণ্ড যার প্রথম শব্দ 'আম্ম' (আমপারা অব্দি পড়া হয়ে গেছে)। বি। আ+ফা।

**আমবাত** চুলকুনির মতো একধরনের রোগ যাতে চামড়া ফুলে উঠে জ্বালা করে। বি।

**আমমোক্তার** কারও বিষয়সম্পত্তি সংক্রান্ত কাজ নির্বাহের জন্য আইন অনুসারে নিযুক্ত প্রতিনিধি। বি। আ।

**আমমোক্তারনামা** আমমোক্তার নিয়োগের দলিল। বি। আ+ফা।

**আময়** রোগ, ব্যাধি, অসুস্থতা। বি। সং।

**আময়দা** প্রচুর, অপরিমিত। বিণ। ফা।

**আমরক্ত** মলের সঙ্গে পেটের শ্লেষ্মাসহ রক্ত পড়ার রোগ, রক্ত আমাশা। বি।

**আমরণ** জীবনের শেষ দিন পর্যন্ত, আমৃত্যু, আজীবন। ক্রিবিণ। সং।

**আ-মরি** আহা মরি, তুলনাহীন, আশ্চর্য। শ।

**আমরুদ** পেয়ারা। বি।

**আমরুল** টক স্বাদের একরকম শাক। বি।

**আমল** ১. কাল, সময় (স্বদেশি আমল); ২. শাসনকাল, জমানা (সুলতানি

আমল); ৩. জীবিতকাল, আয়ুষ্কাল (ঠাকুরদাদার আমল); ৪. গুরুত্ব, মান্যতা (আমল দেওয়া)। বি। আ।

**আমলকী** একধরনের টক ও কষায় ফল ও তার গাছ, আমলক, আমলা। বি। সং।

**আমলা** ১. বড় সরকারি চাকুরে, উচ্চপদস্থ রাজকর্মচারী; ২. করণিক, কেরানি। আ; ৩. আমলকী। বি।

**আমলাতন্ত্র** রাজকর্মচারীদের দ্বারা পরিচালিত প্রশাসন ব্যবস্থা। বি। আ+সং।

**আমলানো** ১. ক্রমশ বেদনাবোধ হওয়া, টাটানো; ২. পচে টক হয়ে যাওয়া। ক্রিবি।

**আমলা-ফয়লা** ছোট-বড় সব কেরানি-কর্মচারী। বি। আ।

**আমশূল** আমাশার দরুন পেটে ব্যথা। বি। সং।

**আমসত্ত্ব** পাকা আমের রস রোদ্দুরে শুকিয়ে বানানো একধরনের চুষ্য টকমিষ্টি ভোজ্যবস্তু। বি।

**আমসি** শুকনো কাঁচা আমের ফালি, আমচুর। বি।

**আমা** ১. আধপোড়া (আমা ইট)। বিণ; ২. আমি, নিজে। সর্ব।

**আমাতিসার** আমাশয় রোগ। বি। সং।

**আমানত** গচ্ছিত, জমা। বি। আ।

**আমানত করা** জমা দেওয়া, গচ্ছিত রাখা। ক্রি।

**আমানতি** গচ্ছিত রাখা আছে এমন। বিণ।

**আমানি** ১. পান্তাভাত; ২. গাঁজানো পান্তাভাতের টকজল, কাঁজি। বি।

**আমামা** পাগড়ি, শিরস্ত্রাণ। বি। আ।

**আমার** নিজের, আপনার, মদীয়, স্বীয়, স্বকীয়। সর্ব।

**আমাশয়** উদরের শ্লেষ্মা বের হওয়ার রোগ, পেটের অসুখ, আমাশা। বি। সং।

**আমি** ১. নিজে, আপনি, স্বয়ং, খোদ। সর্ব; ২. সত্তা; ৩. অহমিকা, অস্মিতা। বি।

**আমিত্ব** অহংভাব, অহমিকা, অস্মিতা। বি।

**আমিন** ১. জমি মাপা বা জরিপের কাজ করে এমন কর্মচারী, জরিপকারী; ২. তদারককারী; ৩. বিশ্বস্ত ব্যক্তি। বি। আ।

**আমির** ১. সম্ভ্রান্ত ব্যক্তি; ২. বড়লোক, বিত্তবান, ধনী। বি। আ।

**আমির-ওমরাহ** ১. ধনীগণ, বিত্তবান ব্যক্তিসমূহ; ২. উচ্চপদস্থ কর্মচারীবৃন্দ; ৩. বাদশাহি দরবারের সভাসদগণ। বি। আ।

**আমিরি** ১. মর্যাদাপূর্ণ উচ্চ সরকারি পদ। বি; ২. আমিরসুলভ; ৩. বড়মানুষি। বিণ। আ।

**আমিষ** মাছ মাংস ডিম এসব খাবার জিনিস, আঁশ। বি। সং। বিপ. নিরামিষ।

**আমিষাশী** আমিষ খায় যে, মাছ মাংস ডিম ই. আহারকারী, আমিষভোজী। বিণ। সং। বিপ. নিরামিষাশী।

**আমুদে** আমোদ বা মজা পছন্দ করে এমন, ফুর্তিবাজ, কৌতুকপ্রিয়, রঙ্গপ্রিয়। বিণ।

**আমূল** ১. মূল অবধি, শিকড়সুদ্ধ; ২. আগাগোড়া, পুরোপুরি, সম্পূর্ণ। ক্রিবিণ। সং।

**আমৃত্যু** মৃত্যু পর্যন্ত, মরণ অবধি, আমরণ। ক্রিবিণ। সং।

**আমেজ** ১. ঈষৎ প্রকাশ, আদরা, আভাস; ২. রেশ, ছোঁয়া (শীতের আমেজ); ৩.





ঘোর, আবেশ (ঘুমের আমেজ); ৪. আভা (নীলের আমেজ)। বি। ফা।

**আমেন** ১. তথাস্তু, তাই হোক; ২. শুভ হোক, স্বস্তি। বি। হিব্রু।

**আমোদ** মজা, ফুর্তি, কৌতুক, রঙ্গরস। বি। সং।

**আমোদ-আহ্লাদ** আনন্দ-উৎসব, উল্লাস-স্ফূর্তি, হর্ষ-রঙ্গ। বি। সং।

**আমোদিত** ১. আমোদে ভরপুর, মত্ত, হৃষ্ট; ২. সুরভিত, সুবাসিত। বিণ। সং।

**আমোদী** ১. আমোদপ্রিয়, সানন্দ, হৃষ্ট; ২. সুগন্ধজনক, সৌরভপূর্ণ। বিণ। সং।

**আম্বা** ১. বড়াই, স্পর্ধা; ২. দুরাকাঙ্ক্ষা। বি।

**আম্মা** ১. মা, জননী; ২. দিদিমা, দিদা। বি।

**আম্র** আম, সহকার, রসাল, চূত। বি। সং।

**আম্রকুঞ্জ** ১. আমগাছের তলায় ছায়াঘেরা জায়গা; ২. আমগাছের উপবন। বি। সং।

**আম্রপালী** খ্রিস্টপূর্ব পঞ্চম শতকে বৈশালীর এক আমবাগানে জন্ম বিখ্যাত রাজনর্তকী যে পরে বৌদ্ধধর্মে দীক্ষা নেয়। বি। সং।

**আম্রমুকুল** আমের বউল, চূতমঞ্জরি। বি। সং।

**আম্রাতক** আমড়া।

**আয়** ১. রোজগার, উপায়, উপার্জন; ২. প্রাপ্তি, লাভ। বি। সং।

**আয়কর** আয় বা উপার্জনের অর্থের উপর সরকারের ধার্য কর বা রাজস্ব। বি। সং।

**আয়ত** চওড়া, প্রসারিত, ডাগর, দিঘল, টানাটানা (আয়তলোচনা)। বি। সং।

**আয়তক্ষেত্র** সমকোণবিশিষ্ট সামান্তরিক চতুর্ভুজ ক্ষেত্র যার বিপরীত বাহুগুলি পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু পাশাপাশি বাহুগুলি পরস্পরের সমান নয়। বি। সং।

**আয়তন** ১. মাপ, পরিমাণ, পরিসর (জমির আয়তন; বৃহদায়তন); ২. গৃহ, আলয় (বিদ্যায়তন); ৩. প্রতিষ্ঠান (অচলায়তন)। বি। সং।

**আয়তলোচন** যার নয়ন আকর্ণবিস্তৃত, ডাগর আঁখি, দিঘল নেত্র। বিণ। সং।

**আয়তি** ১. এয়ো, সধবা; ২. সধবার লক্ষণ। বি।

**আয়ত্ত** ১. অধিকার, দখল; ২. সামর্থ্য। বি; ৩. শিক্ষালব্ধ; ৪. অধিকৃত, অধিগত; ৫. অধীন, বশীভূত। বিণ। সং।

**আয়ত্তগম্য** অধিকার বা দখল করার যোগ্য, কবলিত বা বশীভূত করা যায় এমন। বিণ। সং।

**আয়ত্তি** বশবর্তিতা, অধীনতা। বি। সং।

**আয়না** আরশি, দর্পণ, মুকুর। বি। ফা।

**আয়ব্যয়** জমা ও খরচ, উপার্জন ও ব্যয়, অর্থের আগমন ও অপগম। বি। সং।

**আয়ব্যয়ক** বিশেষ আর্থিক বছরের জন্য কোনও সরকার বা সংস্থার আয়ব্যয়ের আনুমানিক হিসাব, বাজেট। বি। সং।

**আয়া** ১. যে পরিচারিকা শিশু কিংবা রোগীর দেখাশোনা করে, ধাত্রী; ২. হাসপাতালের সেবিকা, অনুব্রতী। বি। পো।

**আয়াত** (উচ্চা.আয়াত্) কোরানের বাক্য বা বাক্যাংশ। বি। আ।

**আয়ান** রাধিকার স্বামী, অভিমন্যু। বি।

**আয়াস** ১. যত্ন, প্রয়াস, প্রচেষ্টা; ২. শ্রম, ক্লেশ, মেহনত। বি। সং।

**আয়াসসাধ্য** অত্যন্ত শ্রমসাধ্য, পরিশ্রম দ্বারা লভ্য, সুকঠিন, দুষ্কর। বিণ। সং।

**আয়াসী** ১. পরিশ্রমকারী, উদ্যোগী; ২. যত্নশীল, সচেষ্ট। বিণ। সং।

**আয়ি** ১. মাতামহী; ২. বৃদ্ধা। বি।

**আয়ু** বেঁচে থাকার মেয়াদ, জীবিতকাল, পরমায়ু, জিন্দেগি। বি। সং।

**আয়ুঃপ্রদ** পরমায়ুদায়ক, আয়ুর্বৃদ্ধিকারক, আয়ুষ্কর, আয়ুষ্য। বিণ। সং।

**আয়ুধ** অস্ত্র, হাতিয়ার, প্রহরণ। বি। সং।

**আয়ুর্বেদ** ভারতের প্রাচীন চিকিৎসাশাস্ত্র, কবিরাজি চিকিৎসাব্যবস্থা, বৈদ্যকশাস্ত্র। বি। সং।

**আয়ুর্বেদিক** ১. আয়ুর্বেদ সংক্রান্ত, আয়ুর্বেদসম্মত। বিণ; ২. বৈদ্য। বি। সং।

**আয়ুর্বেদী** ১. চিকিৎসক, কবিরাজ। বি; ২. আয়ুর্বেদ শাস্ত্রে বিশারদ। বিণ। সং।

**আয়ুষ্কর** পরমায়ুদায়ক, আয়ুঃপ্রদ। বিণ। সং।

**আয়ুষ্কাল** ১. জীবনকাল, জীবদ্দশা; ২. স্থিতি, অস্তিত্বশীলতা। বি। সং।

**আয়ুষ্মতী** দীর্ঘায়ুবিশিষ্ট নারী। বিণ। সং।

**আয়ুষ্মান** দীর্ঘজীবী, দীর্ঘায়ু। বিণ। সং।

**আয়ুষ্য** ১. জীবনদায়ী, সঞ্জীবক; ২. পরমায়ুবর্ধক, আয়ুষ্কর। বিণ। সং।

**আয়েন্দা** ভবিষ্যৎ, আগামী, ভাবী। বি। ফা।

**আয়েব** ১. দোষ, ত্রুটি; ২. কলঙ্ক, অখ্যাতি। বি। আ।

**আয়েশ** ১. আরাম, সুখবোধ, বিলাস; ২. আমোদ, ফুর্তি। বি। আ।

**আয়েশি** আরামপ্রিয়, বিলাসী। বিণ। আ।

**আয়োগ** ১. তদন্ত বা ওইধরনের কাজের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা সংস্থা, কমিশন; ২. নিযুক্তি। বি। সং।

**আয়োজক** আয়োজনকারী, ব্যবস্থাপক, উদ্যোক্তা। বিণ/বি। সং।

**আয়োজন** ১. ব্যবস্থা, বন্দোবস্ত, উদ্যোগ; ২. চেষ্টা, প্রয়াস; ৩. সংগ্রহ, জোগাড়, আহরণ। বি। সং।

**আয়োজিত** ১. ব্যবস্থা বা বন্দোবস্ত করা হয়েছে এমন, উদ্যোগ নেওয়া হয়েছে এমন; ২. সম্পন্ন, সম্পাদিত, নির্বাহিত। বিণ। সং।

**আর** ১. এ ছাড়া, অপর, অন্য (আর কেউ); ২. আবার, ফের, পুনরায়; ৩. এবং, ও; ৪. কিংবা, অথবা (কথা বল আর নাই বল); ৫. এরপর, এর উপর (আর বলবার কিছু নেই); ৬. আগের, বিগত (আর বছরে); ৭. এখন (আর সেদিন নেই)। যো।

**আর আর** অপরাপর, অন্যান্য। বিণ।

**আরও, আরো** এর থেকে বেশি, অধিকতর; ২. এ ছাড়াও, তার উপরে, অধিকন্তু। ক্রিবিণ।

**আরক** ১. নির্যাস, তরলসার; ২. চুয়োনো মদ। বি। আ।

**আরক্ত, আরক্তিম** ১. অল্প লাল, ঈষৎ রাঙা, রক্তাভ; ২. গাঢ় রক্তবর্ণ, টকটকে লাল। বিণ। সং।

**আরক্ষক** পুলিশ, পাহারাওয়ালা। বি। সং।

**আরক্ষা** নগরশাসন, শান্তিরক্ষা। বি। সং।

**আরক্ষাব্যবস্থা** শান্তিশৃঙ্খলার সরকারি বন্দোবস্ত, পুলিশি ব্যবস্থা। বি। সং।





**আরক্ষী** পুলিশ, শান্তি-শৃঙ্খলা রক্ষক। বি। সং।

**আরজ** আবেদন, প্রার্থনা। বি। আ।

**আরজা** সস্তা, স্বল্পমূল্য, সুলভ। বিণ। ফা।

**আরজু** ইচ্ছা, কামনা, বাসনা। বি। ফা।

**আরণ্য** ১. অরণ্য বা বন বিষয়ে; ২. বনে আছে যা; ৩. বনে যা জন্মায়, বনজ। বিণ। সং।

**আরণ্যক** ১. অরণ্য বা বনে থাকে এমন, বনে বাস করে যে বা যারা, বনবাসী। বিণ; ২. হিন্দু ধর্মগ্রন্থ বেদ-এর শেষাংশ ব্রাহ্মণ-এর উপসংহার ভাগ। বি। সং।

**আরতি** ১. দীপ-ধুপ-ধুনো ই. দিয়ে দেবমূর্তি বরণ করার হিন্দুধর্মীয় রীতি, নীরাজনা; ২. উপাসনা, আরাধনা, স্তব; ৩. অরুচি, বিতৃষ্ণা। বি।

**আর বার** আবার, ফের, পুনরায়। ক্রিবিণ।

**আরবি** ১. আরব দেশের ভাষা, আরবের অধিবাসী, আরবজাতি। বি; ২. আরব দেশ সংক্রান্ত; ৩. আরব দেশজ (আরবি ঘোড়া)। বিণ। আ।

**আরব্ধ** যা আরম্ভ করা হয়েছে, শুরু হয়েছে এমন, যে-বিষয়ে উদ্যোগ নেওয়া হয়েছে। বিণ। সং।

**আরব্য** আরবদেশের, আরবদেশ সম্বন্ধে (আরব্যকাহিনি)। বিণ।

**আরভমাণ** ১. যার আরম্ভ বা সূচনা হচ্ছে, যে-বিষয়ে উদ্যোগ নেওয়া হচ্ছে; ২. আরম্ভ করছে এমন, সূচনাকারী। বিণ। সং।

**আরমান** ১. দুঃখ, খেদ; ২. বাসনা, আকাঙ্ক্ষা। বি। ফা।

**আরম্ভ** শুরু, সূচনা, গোড়াপত্তন, সূত্রপাত, উদ্যোগ। বি। সং।

**আরম্ভক** সূচনাকারী, উদ্যোগগ্রহণকারী। বি/বিণ। সং।

**আরম্ভিক** আরম্ভকালীন। বিণ। সং।

**আরশ** ১. খোদার আসন; ২. রাজতখ্‌ত, সিংহাসন। বি। আ।

**আরশি** যাতে প্রতিবিম্ব দেখা যায়, আয়না, মুকুর, দর্পণ। বি।

**আরশোলা** ডানাওয়ালা গাঢ় খয়েরি রঙের একরকম ছোট পতঙ্গ, তেলাপোকা। বি।

**আরাত্রিক** ১. দেবারতি করার দীপ; ২. আরতির পাত্র; ৩. আরতি, নীরাজনা। বি। সং।

**আরাধক** উপাসক, পূজক। বি। সং।

**আরাধনা** উপাসনা, অর্চনা, ভজনা। বি। সং।

**আরাধিকা** উপাসিকা, পূজারিনি, সেবিকা। বি। সং।

**আরাধিত** উপাসিত, পূজিত, সেবিত। বিণ। সং।

**আরাধ্য** অর্চনা বা ভজনা করার মতো, উপাস্য, পূজ্য। বিণ। সং।

**আরাফাত** ১. মক্কার অদূরে প্রসিদ্ধ প্রান্তর; ২. মাঠ, ময়দান। বি। আ।

**আরাব** শব্দ, আওয়াজ, ধ্বনি। বি। সং।

**আরাম** ১. আয়েশ, সুখ, স্বাচ্ছন্দ্য; ২. বিশ্রাম, শ্রান্তি অপনোদন; ৩. আরোগ্য, সুস্থতা। ফা; ৪. উপবন, ফলফুলের বাগান (সংঘারাম)। সং। বি।

**আরামকেদারা** হাতলওয়ালা চেয়ার যাতে

অর্ধশয়ানভাবে আরাম করে বসা যায়, আরামকুরসি। বি। ফা+পো।

**আরামি** আরামপ্রিয়, আয়েশি। বিণ।

**আরিব্বাস** বাহবা, চমৎকার, তাক লাগার মতন। শ।

**আরুণি** পুরাণোক্ত এক ঋষিকুমার যে গুরুর আদেশে শস্যখেতে বাঁধ দিতে গিয়ে নিজেই আলের ওপর শুয়ে পড়ে জল নিরোধ করে। বি। সং।

**আরুণ্য** লালাভা, রক্তিমা, শোণিতবর্ণ। বি। সং।

**আরূঢ়** আসীন, অধিষ্ঠিত, সওয়ার। বিণ। সং।

**আরেক/আর-এক** ১. আর কেউ, অপর কেউ; ২. আর কিছু, অন্য কোনও। বিণ।

**আরেক বার** আরও একবার, আবার, ফের, পুনরায়। ক্রিবিণ।

**আরো** আরও। ক্রিবিণ।

**আরোগ্য** রোগমুক্তি, নীরোগতা, নিরাময়, সুস্থতা। বি। সং।

**আরোগ্যশালা** চিকিৎসালয়, ডাক্তারখানা। বি। সং।

**আরোগ্যাশ্রম** হাসপাতাল। বি। সং।

**আরোপ** ১.চাপিয়ে দেওয়া, চাপানো, দায়ী করা (দোষারোপ); ২. সন্নিবেশ, অর্পণ, বিন্যাস (সুরারোপ)। বি। সং।

**আরোপিত** আরোপ করা বা চাপিয়ে দেওয়া হয়েছে এমন, সন্নিবেশিত, অর্পিত। বিণ। সং।

**আরোপ্য** আরোপ করা বা যুক্ত করার যোগ্য, স্থাপনীয়। বিণ। সং।

**আরোহ** ১. উপরে ওঠা, আরোহণ (দূরারোহ); ২. কার্য থেকে কারণ অনুমান, বিশেষ থেকে সামান্যে গমন; ৩. উচ্চতা; ৪. নিতম্ব (বরারোহ)। বি। সং।

**আরোহণ** ১. উপরে ওঠা, বেয়ে ওঠা (পর্বতারোহণ); ২. সওয়ার হওয়া, চড়ে বসা। (অশ্বারোহণ)। বি। সং।

**আরোহণী** ১. সোপান, সিঁড়ি; ২. মই। বি। সং।

**আরোহী** ১. আরোহণকারী, সওয়ার; ২. যানবাহনের যাত্রী; ৩. বিশেষ বিশেষ দৃষ্টান্ত থেকে সাধারণ সিদ্ধান্তে উপনীত হওয়ার প্রণালী; ৪. সঙ্গীতে স্বরের নিম্নগ্রাম থেকে ঊর্ধ্বগতির ক্রম। বিণ। সং।

**আর্জব** ঋজুতা, সারল্য। বি। সং।

**আর্জি** আবেদন, প্রার্থনা, দরখাস্ত। বি। আ।

**আর্জুনি** অর্জুনতনয়, অভিমন্যু। বি। সং।

**আর্ট** ১. শিল্প, ললিতকলা, চারুকলা; ২. কলাবিদ্যা; ৩. রসমধুর ভঙ্গি। বি। ইং।

**আর্টিস্ট** ১. শিল্পী, রূপদক্ষ; ২. চিত্রশিল্পী, সঙ্গীতশিল্পী, সুরশিল্পী, অভিনয়শিল্পী। বি। ইং।

**আর্ত** আতুর, পীড়িত, কাতর, বিপন্ন। বিণ। সং।

**আর্তনাদ** কাতর ক্রন্দন, বিপদে পড়ে কান্না, যন্ত্রণায় চিৎকার। বি। সং।

**আর্তব** ১. ঋতু বা গ্রীষ্ম-বর্ষা এসব কালবিভাগ সম্পর্কিত; ২. ঋতু বা স্ত্রীরজ সংক্রান্ত। বিণ। সং।

**আর্তি** যন্ত্রণা, মনোবেদনা, ব্যথা, ক্লেশ; ২. ব্যাকুলতা, কাতরতা। বি। সং।





**আর্থ** ১. অর্থ বা ধন সম্পর্কিত; ২. ব্যক্তিগত সঙ্গতি বিষয়ে; ৩. শব্দের অর্থ সংক্রান্ত। বিণ। সং।

**আর্থনীতিক** অর্থনীতি সম্পর্কিত। বিণ। সং।

**আর্থ-সামাজিক** ধনসম্পর্কিত ও সমাজসংক্রান্ত বিবেচনামূলক। বিণ। সং।

**আর্থিক** ১. অর্থ বিষয়ে, টাকাপয়সা সম্বন্ধে; ২. শব্দের অর্থ বা মানে সম্পর্কে, শব্দার্থবিষয়ক। বিণ। সং।

**আর্থিক বৎসর** কোনও সংস্থা বা ব্যবসায়ের আয়ব্যয় ও বিভিন্ন খাতে অর্থের আগমন ও অপগমের বাৎসরিক হিসাবের কালপর্ব (সরকারি আর্থিক বৎসর ১ এপ্রিল থেকে ৩১ মার্চ)। বি। সং।

**আর্দালি** পেয়াদা, পিয়োন, বেয়ারা, চাপরাশি। বি। ইং।

**আর্দ্র** ১. ভিজে, সিক্ত, স্যাঁতসেতে (আর্দ্র ভূমি); ২. জলকণা ভরা, সজল (আর্দ্র বাতাস); ৩. নরম, কোমল (দয়ার্দ্র হৃদয়)। বিণ। সং।

**আর্দ্রক** আদা। বি। সং।

**আর্দ্রতা** ভেজা ভাব, সিক্ততা। বি। সং।

**আর্ধেক** ১. আধখানা, আধটুকরো; ২. কিছু পরিমাণ, আংশিক। বি।

**আর্মানি** ১. আর্মেনিয়া দেশের অধিবাসী। বি; ২. আর্মেনিয়া দেশ বা জাতি সম্পর্কিত, আর্মেনীয়। বিণ। ইং।

**আর্য** ১. যে-জাতি অতি প্রাচীনকালে ভারতে এসে বসবাস শুরু ক'রে বেদ রচনা করেছিল; ২. ভারতের প্রাচীন ভাষা যা-থেকে বেশ কয়েকটি স্তর পেরিয়ে বাংলাভাষার উদ্ভব। বি; ৩. মান্য, সম্মাননীয়, শ্রেষ্ঠ, গুরুজন। বিণ। সং।

**আর্যসভ্যতা** সুপ্রাচীন আর্যজাতির উন্নত জীবনযাত্রা প্রণালী। বি। সং।

**আর্যসমাজ** দয়ানন্দ সরস্বতী প্রবর্তিত বৈদিক ধর্মমূলক ধর্মসম্প্রদায়। বি। সং।

**আর্যা** ১. প্রাকৃত কবিতার একটি বিশিষ্ট ছন্দের নাম; ২. ছড়ায় রচিত বাংলা গণনার নানা সূত্র (শুভঙ্করের আর্যা)। বি।

**আর্যাবর্ত** ভারতের উত্তর অংশ, হিমালয় থেকে বিন্ধ্যপর্বত অবধি অঞ্চল, উত্তরাপথ। বি। সং।

**আর্যামি** আর্যত্বের ভড়ং। বি।

**আর্ষ** ১. ঋষি-সম্বন্ধীয়; ২. ঋষিরচিত। বিণ। সং।

**আর্ষপ্রয়োগ** ঋষিপ্রযুক্ত কিন্তু ব্যাকরণ বিরুদ্ধ শব্দের যে-বানান শুদ্ধ না হলেও গ্রাহ্য, ভুল সত্ত্বেও যে-বানান মেনে নেওয়া হয়েছে। বি। সং।

**আর্হত** ১. জৈনদের একটি সম্প্রদায়। বি; ২. জৈন সম্পর্কিত। বিণ। সং।

**আল** ১. খেতের সীমানা বরাবর মাটির অনুচ্চ বাঁধ, জমিতে জল আটকাবার নিচু পাড়; ২. মোটা ছুঁচ বা পেরেক ই.-র সরু মুখ; ৩. বাধা, আটক (মুখের আল না-থাকা)। বি।

**আলকাতরা** পাথুরে কয়লা কিংবা পিচ গলিয়ে বার-করা কালো রঙের আঠালো থকথকে পদার্থ। বি। পো।

**আলকাপ** মুর্শিদাবাদ-মালদহ অঞ্চলে

প্রচলিত একধরনের লৌকিক নাটক যার উপজীব্য সামাজিক বিষয়। বি।

**আলকুশি** শুঁয়োপোকার মতো কাঁটাওয়ালা লতাগাছ বা তার ফল (আলকুশি পাতার ছোঁয়া লাগলে চুলকোতে থাকে)। বি।

**আলকেমি** রসায়নশাস্ত্র। বি। আ।

**আল-কোরান** হজরত মোহম্মদ কর্তৃক আল্লাহ্‌র কাছ থেকে প্রাপ্ত মহাবাণী, ইসলামধর্মের মূল পুস্তক। বিণ। আ।

**আলখাল্লা** পা অবধি ঝোলানো ঢিলে জামা। বি। আ।

**আলগরজ** মোটের উপর, সংক্ষেপত। ক্রিবিণ। আ।

**আলগা** ১. এলো, এলানো, ঢিলে, শিথিল (আলগা খোঁপা); ২. আদুড়, খোলা, আঢাকা (আলগা গা; আলগা দুধ); ৩. বেফাঁস, অসংযত (আলগা কথা); ৪. লোক দেখানো, আন্তরিকতাহীন (আলগা সোহাগ); ৫. অসাবধান, উদাসীন (আলগা মানুষ)। বিণ।

**আলগোছ** না-ছোঁয়া, আলতোভাব, অতি সন্তর্পণ। বি।

**আলগোছে** আলতোভাবে, না-ছুঁয়ে, খুব সন্তর্পণে। ক্রিবিণ।

**আলঙ্কারিক, আলংকারিক** ১. অলঙ্কার শাস্ত্রে বিশেষজ্ঞ; ২. অলঙ্কারশাস্ত্র সম্মত (অলঙ্কারিক প্রয়োগ)। বিণ। সং।

**আলজিভ** কণ্ঠনালির আগায় ছোট্ট জিভের মতো নরম মাংসখণ্ড, অলিজিহ্বা। বি।

**আলটপকা** ১. হঠাৎ, সহসা, আচম্বিতে, অতর্কিতে; ২. আলগোছে, খুব সাবধানে। ক্রিবিণ।

**আলতা** ১. লাল রঙের তরল যা মেয়েরা পায়ের পাতায় মাখায়; ২. লাল রং মেশানো তুলো, অলক্তক। বি।

**আলতারাফ** সিন্দুক কিংবা আলমারি এসব বন্ধ করে বাইরে থেকে তালা লাগাবার জন্য ধাতুর পাতের পাতলা কবজা। বি। আ।

**আলতুফালতু** আজেবাজে, যার কোনও মানে হয় না, অর্থহীন, অসার, তুচ্ছ। বিণ।

**আলতো** ১. ঢিলে, আলগা (আলতো খোঁপা)। বিণ; ২. আলগোছে, ছুঁয়েছে কি ছোঁয়নি এমনি ভাবে, অতি সন্তর্পণে। ক্রিবিণ। মালতো।

**আলনা** কাপড়চোপড় ঝুলিয়ে রাখার জন্য ব্যাটম-দেওয়া কাঠের কাঠামো। বি।

**আলপনা** মেঝে পিঁড়ি বা দেয়ালে আঁকা মঙ্গলসূচক নকশা; আলিপনা, আলিম্পন। বি।

**আলপথ** জমির বাঁধের উপর দিয়ে সরু রাস্তা। বি।

**আলপাকা** পেরুদেশীয় মেষজাতীয় এক ধরনের পশুর দেহের মসৃণ লোম দিয়ে বানানো একরকম উজ্জ্বল পশমি বস্ত্র। বি। ইং।

**আলপিন** কাগজ বা ওই ধরনের পাতলা জিনিস বেঁধবার জন্য ধাতুর সরু সুঁচোলো ছোট কাঁটা। বি। পো।

**আলফা** গ্রিক বর্ণমালার প্রথম বর্ণ। বি। গ্রি।

**আলবত, আলবাত** অবশ্যই, নিশ্চয়, নিঃসন্দেহে। যো। আ।

**আলবাল** গাছের গোড়ায় জল দেওয়ার জন্য মাটির ঘের দেওয়া খাত। বি। সং।





**আলবিঁধ** ছুঁচোলো ডগার পেরেক ঢোকাবার মতো ছোট ফুটো। বি।

**আলবিদা** বিদায়, চিরবিচ্ছেদ। বি। আ।

**আলবোলা** লম্বা নলওয়ালা হুঁকো, গড়গড়া, ফরসি। বি। ফা।

**আলম** পৃথিবী, দুনিয়া। বি। আ।

**আলমগির** ১. বিশ্বজয়ী; ২. দুনিয়ার শ্রেষ্ঠ ব্যক্তি; ৩. মোগলসম্রাট ঔরঙ্গজেবের উপাধি। বি। আ।

**আলমারি** জামাকাপড় বা বইপত্র বা অন্য কোনও জিনিস ভরে রাখার জন্য কতকগুলি তাক লাগানো কপাটওয়ালা কাঠ বা ইস্পাতের আসবাব। বি। পো/ইং।

**আলম্ব, আলম্বন** অবলম্বন, আশ্রয়। বি। সং।

**আলম্বিত** ঝুলোনো। বি। সং।

**আলয়** থাকার জায়গা, বাড়ি, গৃহ, আবাস, আশ্রয়। বি। সং।

**আলশে** ১. আলিসা, ছাদের প্রান্ত; ২. কার্নিশ, ছাদের কিনারা বরাবর অনুচ্চ পাঁচিল, প্যারাপেট। বি।

**আলসে** অলস, কুঁড়ে, শ্রমকাতর। বিণ।

**আলসেমি** কুঁড়েমি, জড়তা, আলস্য। বি।

**আলস্য** অলসতা, আলসেমি, কুঁড়েমি, শ্রমবিমুখতা, জড়তা। বি। সং।

**আলহেলাল** নতুন চাঁদ। বি। আ।

**আলা** ১. আলোকিত, উদ্ভাসিত, উজ্জ্বল ('কিরণে ভুবন আলা'); ২. শিথিল, অবসন্ন। বাং; ৩. সর্বোচ্চ, প্রথম, প্রধান, শ্রেষ্ঠ (উজিরেআলা)। আ। বিণ।

**আলাইবালাই** আপদবিপদ, রোগশোক, অমঙ্গল। বি।

**আলাদা** অন্য, ভিন্ন, পৃথক, স্বতন্ত্র। বিণ। আ।

**আলান** ১. খুঁটি, গোঁজ; ২. পশু বেঁধে রাখার থাম। বি। সং।

**আলাপ** ১. পরিচয়, জানাশোনা; ২. কথাবার্তা, সংলাপ; ৩. সঙ্গীতের সুর ভাঁজা। বি। সং।

**আলাপচারিতা** আলাপ-আলোচনা, কথাবার্তা, কথোপকথন, আলাপন। বি। সং।

**আলাপন** কথাবার্তা, কথোপকথন, আলাপচারিতা। বি। সং।

**আলাপ-পরিচয়** পরস্পরের কথোপকথনের মধ্য দিয়ে ঘনিষ্ঠতা সাধন। বি। সং।

**আলাপ-সালাপ** ১. গল্পগুজব, কথাবার্তা; ২. কিছুটা পরিচয়, ঈষৎ পরিচিতি। বি।

**আলাপিত** ১. যা নিয়ে কথাবার্তা হয়েছে (আলাপিত বিষয়); ২. যার সঙ্গে জানাশোনা আছে বা রয়েছে, পরিচিত। বিণ। সং।

**আলাপিনী** আলাপপ্রিয় রমণী, মিশুক নারী, আলাপে নিপুণা। বিণ। সং।

**আলাপী** ১. আলাপ করতে ভালবাসে যে, ভাল কথাবার্তা বলতে পারে এমন, আলাপপ্রিয়, মিশুক। বিণ। সং।

**আলাভোলা** আপনভোলা, নেহাত ভালমানুষ, অতি সরল, সাদাসিধে। বিণ।

**আলামত** ১. চিহ্ন, নিদর্শন, লক্ষণ; ২. জমির সীমানির্দেশক চিহ্ন; ৩. অবাক কাণ্ড, অলৌকিক ঘটনা। বি। আ।

**আলাইকুম/অলায়কুম** ইসলামধর্মীয়দের সালামের জবাব : আপনার উপরেও শান্তি বর্ষিত হোক। বি। আ।

**আলাল** বড়লোক, ধনবান, সম্পন্ন। বি। হি।

**আলি/আলী** ১. সারি, পঙ্ক্তি, শ্রেণি (দীপালি)। সং; ২. মুসলমানের নামের অংশবিশেষ; ৩. ইসলামের চতুর্থ খলিফা। আ। বি।

**আলিখিত** ১. লেখা হয়েছে এমন, লিপিবদ্ধ; ২. বর্ণিত; ৩. অঙ্কিত। বিণ। সং।

**আলিঙ্গন** পরস্পরকে বুকে জড়িয়ে ধরা, কোলাকুলি। বি। সং।

**আলিঙ্গিত** পরস্পরকে বুকে জড়িয়ে ধরেছে এমন, আলিঙ্গনাবদ্ধ। বি। সং।

**আলিপ্ত** ১. লেপন করা হয়েছে এমন, চর্চিত; ২. আলপনা-দেওয়া। বিণ। সং।

**আলিম/আলেম** ১. বিদ্বান, পণ্ডিত; ২. ইসলামধর্মবিশারদ। বিণ। আ।

**আলিমেজাজ** উদারপ্রকৃতি, দরাজদিল। বিণ। আ।

**আলিম্পন** মেঝে পিঁড়ি বা দেয়ালের গায়ে, মঙ্গলসূচক কারুকাজ, আলপনা। বি। সং।

**আলিশান** খুব বড়, বিশাল। বিণ। আ।

**আলীঢ়** ১. বাঁ পা মুড়ে ডান পা এগিয়ে বসার ভঙ্গি। বি; ২. লেহন করা বা চাটা হয়েছে এমন, আস্বাদিত। বিণ। সং।

**আলীন** ১. লয়প্রাপ্ত, বিলীন; ২. পরিব্যাপ্ত। বিণ। সং।

**আলু** একধরনের মূল বা কন্দ যা আনাজ হিসেবে রেঁধে খাওয়া হয়। বি।

**আলুকাবলি** সেদ্ধ-করা আলুর টুকরো আর কাবলিছোলার সঙ্গে শসা ও টম্যাটোর কুচিতে লেবুর রসের সঙ্গে নুন-ঝাল মিশিয়ে তৈরি একরকম মুখরোচক জলখাবার। বি।

**আলুথালু** আলুলায়িত, শিথিল, অবিন্যস্ত, বিস্রস্ত, অসংবৃত, স্খলিত। বিণ।

**আলুনি** নুন দেওয়া হয়নি এমন, যে রান্নায় নুনের অভাব ঘটেছে, বিস্বাদ। বিণ।

**আলুফা** ১. মাগনা, ফোকটে, বিনি পয়সায় পাওয়া; ২. অনায়াসে মেলে এমন, সহজলভ্য। বিণ। আ।

**আলুবোখরা** টকস্বাদের একরকম কাবুলি মেওয়া। বি। ফা।

**আলুলায়িত, আলুলিত** এলো, এলায়িত, শিথিল, স্খলিত। বিণ। সং।

**আলেকুম সালাম** আপনার উপর করুণা বর্ষিত হোক। বি। আ।

**আলেখ্য** ছবি, চিত্র, প্রতিকৃতি। বি। সং।

**আলেপন** ১. প্রলেপ দেওয়া, মাখানো; ২. আলপনা। বি। সং।

**আলেম/আলিম** ১. পণ্ডিত, বিদ্বান; ২. ইসলামধর্মতত্ত্বজ্ঞ। বিণ। আ।

**আলেয়া** ১. বদ্ধ জলাভূমিতে রাতে জ্বলে-ওঠা মিথেন গ্যাসের নীলাভ শিখা যা চলন্ত আলো বলে ভুল হয়; ২. প্রহেলিকা, বিভ্রান্তিজনক। বি।

**আলো** ১. আলোক, দীপ্তি, প্রভা, জ্যোতি; ২. কিরণ, রশ্মি; ৩. দীপ, বাতি। বি।

**আলো-আঁধারি** আলো আর অন্ধকারের মেশামেশি, আবছা আলো, আলোছায়া। বি।





**আলোক** আলো, দীপ্তি, উজ্জ্বলতা, কিরণ, রশ্মি। বি। সং।

**আলোকচিত্র** ক্যামেরায় বা মোবাইল ফোনে তোলা ছবি, ফোটোগ্রাফ। বি। সং।

**আলোকচিত্রী** ফোটোগ্রাফার। বি। সং।

**আলোকচ্ছটা** আলোর উজ্জ্বল দ্যুতি, আলোর বিচ্ছুরণ, আলোকবিকিরণ। বি। সং।

**আলোকতরঙ্গ** আলোর অতি দ্রুতগামী ঢেউ। বি। সং।

**আলোকন** দেখা, দর্শন, অবলোকন। বি। সং।

**আলোকনীয়** দর্শনযোগ্য, দ্রষ্টব্য। বিণ। সং।

**আলোকপাত** ১. আলো প্রক্ষেপণ, উদ্ভাসিত করা; ২. বিশদভাবে বুঝিয়ে দেওয়া, স্পষ্ট করে দেওয়া। বি। সং।

**আলোকবর্ষ** আকাশের জ্যোতিষ্কের দূরত্ব পরিমাপের একক [মহাশূন্যে আলো এক বছরে যতটা দূরত্ব অতিক্রম করে, ৯.৪৬×১০¹² কিমি], লাইটইয়ার। বি। সং।

**আলোকলতা** উজ্জ্বল হলুদ রঙের একরকম পরগাছা লতা, স্বর্ণলতিকা। বি। সং।

**আলোকসজ্জা** বিশেষ উপলক্ষ্যে বাড়ি বা মণ্ডপ ই. আলো দিয়ে সাজানো। বি। সং।

**আলোকসম্পাত** নাট্যাভিনয় বা নাচের মঞ্চ-উপস্থাপনা ই.-র সময় নেপথ্য থেকে আলো-অন্ধকার সৃষ্টির কাজ। ক্রিবি। সং।

**আলোকস্তম্ভ** যে উঁচু মিনার থেকে রাত্রে জলযানের পথ প্রদর্শনের জন্য আলো ফেলা হয়, বাতিঘর, লাইটহাউস। বি। সং।

**আলোকিত** আলোয় উদ্ভাসিত, সমুজ্জ্বল। বিণ। সং।

**আলোচক** আলোচনা করে যে, আলোচনাকারী। বি। সং।

**আলোচনা** কোনও বিষয় সম্পর্কে ব্যাখ্যা কিংবা বিচার, কোনও বিষয় নিয়ে চর্চা বা অনুশীলন। বি। সং।

**আলোচনাসভা** নির্দিষ্ট কোনও বিষয়ের উপর বিশেষজ্ঞদের আলোচনার আসর, আলোচনাচক্র, সেমিনার। বি। সং।

**আলোচনাসাপেক্ষ** আলোচনা বা বিচার বিবেচনা না-করে যে-বিষয়ে কোনও সিদ্ধান্তে আসা যায় না। বিণ। সং।

**আলোচনীয়** আলোচনা বা অনুশীলনের যোগ্য, আলোচনার বিষয়ীভূত, আলোচ্য। বিণ। সং।

**আলোচাল** ধান সেদ্ধ না-ক'রে সূর্যতাপে শুকিয়ে তার খোসা ছাড়িয়ে বার করা চাল, আতপচাল। বি।

**আলোচিত** যে বিষয়ের আলোচনা করা হয়েছে, যার অনুশীলন বা চর্চা করা হয়েছে। বিণ। সং।

**আলোচ্য** যা নিয়ে আলোচনা বা চর্চা করা হচ্ছে, আলোচনার বিষয়, আলোচনার যোগ্য। বিণ। সং।

**আলোচ্যমান** আলোচনা করা হচ্ছে এমন। বিণ। সং।

**আলোছায়া** ১. একই জায়গায় আলো আর ছায়ার সন্নিবেশ; ২. একই সঙ্গে আলোর তীব্রতা ও আঁধারের ছায়াপাত, আলো-আঁধার। বি।

**আলোড়ন** ১. খুব কষে নাড়াচাড়া, মন্থন, আবর্তন; ২. আন্দোলন, বিক্ষোভ; ৩. সাড়া, শোরগোল। বি। সং।

**আলোড়িত** ১. আবর্তিত, মথিত; ২. বিক্ষুব্ধ, উত্তাল। বিণ। সং।

**আলোয় আলোয়** দিনের আলো থাকতে থাকতে, অন্ধকার নামার আগেই, বেলাবেলি। ক্রিবিণ।

**আলোয়ান** গায়ে দেওয়ার পশমের চাদর, পাড়বিহীন শাল। বি। আ।

**আলোল** ১. ঈষৎ চঞ্চল; ২. বিলোল, লালায়িত। বিণ। সং।

**আলোলিকা** উলুধ্বনি, হুলুরব। বি। সং।

**আলোহিত** ঈষৎ রাঙা, অল্প লাল, রক্তাভ। বিণ। সং।

**আল্লা, আল্লাহ্** খোদা, পরমেশ্বর, সৃষ্টিকর্তা। বি। আ।

**আশ** ১. অশন, আহার, ভোজন (প্রাতরাশ; সায়মাশ)। সং; ২. (বাং) আশা, কামনা, অভিলাষ (আশ মেটানো)। বি।

**আশক** ১. প্রেম, প্রণয়; ২. আসক্তি, অনুরাগ। বি। ফা।

**আশকারা** ১. বেশি আদর দেওয়া, বাড়াবাড়ি রকমের স্নেহ, লাই; ২. কারও দোষ-ত্রুটির ব্যাপারগুলি বারবার উপেক্ষা করা, প্রশ্রয়। বি। ফা।

**আশঙ্কা** ১. বিপদ বা অনিষ্টের কথা ভেবে ভয়; ২. সংশয়, সন্দেহ। বি। সং।

**আশঙ্কিত** ১. ভীত, ত্রস্ত; ২. সন্দিহান, সংশয়িত। বিণ। সং।

**আশনা** ১. প্রণয়ী; ২. সখা। বি। ফা।

**আশনাই** ১. ভালবাসা, প্রীতি, আসক্তি; ২. অবৈধ প্রণয়, গোপন প্রেম; ৩. পরিচয়, বন্ধুত্ব। বি। ফা।

**আশপাশ** ১. কাছাকাছি জায়গা, সামনে কোথাও; ২. এধার-ওধার, চারদিক। বি।

**আশমান** আকাশ, নভস্তল। বি। ফা।

**আশমান জমিন** ১. আকাশ ও পৃথিবী। বি; ২. দুস্তর, দুরতিক্রম্য। বিণ। ফা।

**আশমান জমিন ফারাক** ১. আকাশ-ভূতল তফাত; ২. দুরতিক্রম্য ব্যবধান। বি। ফা+আ।

**আশমানি** ১. আকাশ সম্পর্কিত; ২. আকাশের রঙের মতন, হালকা নীল, নীলাভ, আকাশি; ৩. স্বর্গীয়, ঐশী। বিণ। ফা।

**আশয়** ১. আধার, স্থান (জলাশয়; পিত্তাশয়); ২. মন, চিত্ত, প্রবৃত্তি (মহাশয়; সদাশয়); ৩. বিভব, ঐশ্বর্য (বিষয়-আশয়)। বি। সং।

**আশরত** ফুর্তি, আমোদ। বি। আ।

**আশরফ** ১. সম্ভ্রান্ত, ভদ্র; ২. শ্রেষ্ঠ। বিণ। আ।

**আশরফি** মোহর, স্বর্ণমুদ্রা। বি। ফা।

**আশরাফ** ভদ্রলোক, সম্ভ্রান্ত ব্যক্তি। বি। আ। বিপ. আতরাফ।

**আশরাফুল** সেরা, সর্বোত্তম, শ্রেষ্ঠ। বিণ। আ।

**আশা** ১. মনের কোনও ইচ্ছা পূরণ হবে তার অপেক্ষা, প্রত্যাশা, আকাঙ্ক্ষা; ২. ভরসা, আশ্বাস; ৩. দিক, অভিমুখ (পূর্বাশা)। বি। সং।

**আশাতিরিক্ত, আশাতীত** আশা বা মনের যা-ইচ্ছা তার চাইতে বেশি, আকাঙ্ক্ষা ছাপিয়ে, প্রত্যাশার অধিক। বি। সং।





**আশানুরূপ** যেমনটি আশা করা গিয়েছিল, আকাঙ্ক্ষিত, অভিলষিত, বাঞ্ছিত, ঈপ্সিত। বিণ। সং।

**আশান্বিত** আশাযুক্ত, প্রত্যাশা পূরণ হবে বলে মনে করে এমন। বিণ। সং।

**আশাপথ** বিশেষভাবে আকাঙ্ক্ষিত কোনও বিষয় বা ব্যক্তির জন্য আগ্রহভরে অপেক্ষমাণ যার অভিমুখীতায়। বি। সং।

**আশাপ্রদ** আশ্বাস বা ভরসা জোগায় এমন, আশাদায়ক। বিণ। সং।

**আশাবরি** মার্গসঙ্গীতের সকালবেলাকার একটি রাগিণী। বি।

**আশাবাদ** সব সময় সকল বিষয়ে সুফল প্রত্যাশা করার মতবাদ, যে-তত্ত্বে নৈরাশ্যকে প্রশ্রয় দেয় না। বি। সং।

**আশাবাদী** সব সময় সব বিষয়ে সুফল পোষণ ক'রে থাকে যে। বিণ। সং।

**আশাভঙ্গ** আশাহীনতা, নৈরাশ্য, ব্যর্থতা। বি। সং।

**আশাভরসা** ১. নির্ভরতা, অবলম্বন; ২. আশ্বাস। বি।

**আশালতা** পুষ্পিত লতার মতো মনোরম আশা। বি। সং।

**আশাহত** ব্যর্থমনোরথ, হতাশ, নিরাশ। বিণ। সং।

**আশি** '৮০' এই সংখ্যা। বি; অশীতি, আশিসংখ্যক। বিণ।

**আশিক, আশেক** প্রেমিক, প্রণয়ী, দয়িত। বি। আ।

**আশিস** আশীর্বাদ, শুভকামনা, কল্যাণ প্রার্থনা, মঙ্গলেচ্ছা, দোয়া। বি। সং।

**আশীবিষ** সাপ, সর্প, ফণী। বি। সং।

**আশীর্বচন, আশীর্বাণী** মঙ্গলসূচক বাক্য, আশীর্বাদ, শুভকামনা। বি। সং।

**আশীর্বাদ** গুরুজনের আশিস, কল্যাণ কামনা, মঙ্গল প্রার্থনা, শুভাকাঙ্ক্ষা, হিতৈষণা, দোয়া। বি। সং।

**আশীর্বাদক** যে আশীর্বাদ করে, আশীর্বাদকারী, মঙ্গলাকাঙ্ক্ষী, শুভেচ্ছু, হিতৈষী। বিণ। সং।

**আশীর্বাদি** আশীর্বাদযুক্ত কোনও কিছু, শুভকামনা সমন্বিত দ্রব্য (আশীর্বাদি ফুল)। বি।

**আশীষ** কল্যাণ কামনা, আশীর্বাদ। বি।

**আশু** ১. তাড়াতাড়ি, শিগগির, সত্বর, জলদি (আশু প্রয়োজন); ২. আউশ, বর্ষাকালের শেষে যে-ফসল তোলা হয় (আশু ধান)। বিণ। সং।

**আশুগতি, আশুগামী** শীঘ্র গমন করে এমন, ক্ষিপ্রগামী, দ্রুতগতি। বিণ। সং।

**আশুতোষ** ১. শীঘ্র তুষ্ট হয় এমন, যাকে সহজেই খুশি করা যায়। বিণ; ২. ভোলানাথ, শিব। বি। সং।

**আশুমৃতপরীক্ষক** যে সরকারি আধিকারিক কারও অপঘাত মৃত্যুর কারণ অনুসন্ধান ও শবপরীক্ষা করে, করোনার। বি। সং।

**আশেপাশে** ১. কাছাকাছি জায়গায়; ২. চারদিকে; ৩. এধারে-ওধারে। ক্রিবিণ।

**আশৈশব** শিশুবয়স বা ছেলেবেলা থেকে, বাল্যকাল অবধি, আবাল্য। ক্রিবিণ। সং।

**আশ্চর্য** ১. অবাক করা, অদ্ভুত, আজব, বিস্ময়কর (আশ্চর্য ব্যাপার) বিণ; ২. বিস্ময় (শুনে আশ্চর্য লাগছে)। বি। সং।

**আশ্চর্যজনক** বিস্ময়কর, অদ্ভুত, আজব, বিচিত্র। বিণ। সং।

**আশ্চর্যান্বিত** অবাক, বিস্মিত, চমৎকৃত, বিস্ময়াপন্ন, তাজ্জব। বিণ। সং।

**আশ্বস্ত** আশ্বাসপ্রাপ্ত, উদ্বেগমুক্ত, নিশ্চিন্ত। বিণ। সং।

**আশ্বাস** ভরসা, আশা, অভয়, প্রবোধ, নিশ্চিন্ততা। বি। সং।

**আশ্বাসন** ১. আশ্বাস বা ভরসা দেওয়া, অভয়দান; ২. নিশ্চিন্ত করা, প্রবোধ দেওয়া। বি। সং।

**আশ্বাসিত** আশ্বাস বা ভরসা দেওয়া হয়েছে এমন, নিশ্চিন্ত করা হয়েছে, আশ্বাসপ্রদত্ত। বিণ। সং।

**আশ্রম** ১. সাধনা আর শাস্ত্রচর্চার জায়গা, মঠ (সন্ন্যাসীর আশ্রম; আশ্রম বিদ্যালয়); ২. থাকার জায়গা, আশ্রয়, আবাস (বৃদ্ধাশ্রম); ৩. হিন্দু ধর্মাচারীদের জীবনচর্যার চারটি পর্যায় (চতুরাশ্রম)। বি। সং।

**আশ্রমিক** ১. কোনও আশ্রম বা সাধনক্ষেত্রে থাকে যে, আশ্রমবাসী। বি; ২. আশ্রমসম্পর্কিত, আশ্রমধর্ম পালনকারী। বিণ। সং।

**আশ্রয়** ১. অবলম্বন, সহায়, শরণ; ২. থাকার জায়গা, আস্তানা, বাসস্থান; ৩. প্রতিপালন, দেখভাল। বি। সং।

**আশ্রয়ণ** ১. আশ্রয়, শরণ; ২. আশ্রয়গ্রহণ। বি। সং।

**আশ্রয়দাতা** ১. যে আশ্রয় দেয়; ২. প্রতিপালক, রক্ষণাবেক্ষণকারী। বিণ। সং।

**আশ্রয়প্রার্থী** আশ্রয়যাচক, শরণার্থী, শরণাপন্ন। বিণ। সং।

**আশ্রয়হীন** নিরাশ্রয়, সহায়শূন্য, অনিকেত। বিণ। সং।

**আশ্রয়ী** আশ্রয়গ্রহণকারী, শরণপ্রাপ্ত। বিণ। সং।

**আশ্রিত** ১. আশ্রয় পেয়েছে যে, যাকে আশ্রয় দেওয়া হয়েছে, শরণাগত; ২. অধীন, বশবর্তী; ৩. স্থিত, স্থাপিত (দেহাশ্রিত)। বিণ। সং।

**আশ্রিতবৎসল** শরণাগতের প্রতি স্নেহশীল, আশ্রিতের প্রতি করুণাপরায়ণ। বিণ। সং।

**আশ্লিষ্ট** ১. আশ্লেষ বা আলিঙ্গন করা হয়েছে এমন, আলিঙ্গিত, সংযুক্ত; ২. শ্লেষপূর্ণ, শ্লেষাশ্রিত। বিণ। সং।

**আশ্লেষ** আলিঙ্গন, মিলন। বি। সং।

**আষাঢ়ান্তবেলা** বাংলা মাস আষাঢ়ের দিবাভাগের সুদীর্ঘ অপরাহ্ণকাল। বি।

**আষাঢ়ে গল্প** আজগুবি কাহিনি, বিশ্বাস করার মতো নয় এমন আখ্যান, অদ্ভুতকথা, কাল্পনিক আখ্যায়িকা। বি।

**আষ্টেপৃষ্ঠে** ১. সারা শরীর জুড়ে, সর্বাঙ্গে (আষ্টেপৃষ্ঠে ব্যথা); ২. সবদিকে, খুব কষে (আষ্টেপৃষ্ঠে বাঁধা)। ক্রিবিণ।

**আস্কে** চালের গুঁড়ো দিয়ে তৈরি গোলমতন এক ধরনের পিঠে। বি।

**আসক্ত** গভীরভাবে অনুরক্ত, অতিরিক্ত আগ্রহযুক্ত, আবিষ্ট। বিণ। সং।

**আসক্তি** গভীর অনুরাগ, আবেশ, মজে থাকার ভাব। বি। সং।

**আসঙ্গ** ১. সঙ্গলাভের কামনা, ভোগবাসনা, সংসর্গ, মিলন, সহবাস। বি। সং।

**আসছে** ১. আগামী, পরবর্তী, পরের





(আসছে বছর)। বিণ; ২. আগমন করছে। ক্রি।

**আসত্তি** ১. নৈকট্য, সান্নিধ্য, লগ্নতা; ২. (ব্যাকরণে) বাক্যের মধ্যে পরস্পরের সম্পর্কযুক্ত পদগুলির সন্নিহিত অবস্থান। বি। সং।

**আসন** ১. যার উপর বসা হয় [পিঁড়ি চৌকি ই.]; ২. পীঠ, ঠাঁই; ৩. গৃহ, আবাস (ভদ্রাসন); ৪. যোগব্যায়ামের ভঙ্গি (পদ্মাসন; শীর্ষাসন)। বি। সং।

**আসনগ্রহণ** বসা, উপবিষ্ট হওয়া, উপবেশন। বি। সং।

**আসনপিঁড়ি** এক পায়ের উপর আরেক পা মুড়ে বসা, দু পায়ের হাঁটু ভাঁজ করে বাবু হয়ে বসা। বি।

**আসন্ন** খুব শিগগিরি ঘটতে চলেছে এমন, সামনে হাজির, নিকটবর্তী, আগতপ্রায়। বিণ। সং।

**আসন্নকাল** ১. অন্তিমকাল, মৃত্যুসময়; ২. বিপৎকাল। বি। সং।

**আসব** ১. চোয়ানো মদ; ২. তাড়ি; ৩. মধু। বি। সং।

**আসবাব** ১. ঘর সাজানোর জিনিসপত্র, গৃহসজ্জার উপকরণ, খাটবিছানা আলমারি আলনা আয়না বই-এর তাক টেবিল চেয়ার ই.; ২. সরঞ্জাম, উপচার। বি। আ।

**আসবাবপত্র** গৃহসজ্জার বিবিধ উপকরণ। বি।

**আসমুদ্র** ১. সমুদ্র থেকে; ২. সমুদ্র পর্যন্ত। ক্রিবিণ। সং।

**আসমুদ্রহিমাচল** ১. ভারত সাগর থেকে হিমালয় পর্বতশ্রেণি অবধি গোটা জায়গা জুড়ে, সারা ভারতব্যাপী। বিণ; ২. সমগ্র ভারত। বি। সং।

**আসর** বৈঠক, মজলিশ, সভা। বি। আ।

**আসল** ১. প্রধান, মুখ্য; ২. খাঁটি, নির্ভেজাল, বিশুদ্ধ, অবিকৃত; ৩. মূল, আদি। বিণ; ৪. মূলধন, প্রাথমিক অর্থ। বি। আ।

**আসলি** খাঁটি, বিশুদ্ধ, আহেল, নির্ভেজাল। বিণ। হি।

**আসলে** ১. আদিতে, মূলে, গোড়ায়; ২. মোটের উপর, প্রধানত, প্রকৃতপক্ষে, বাস্তবে। ক্রিবিণ।

**আসশ্যাওড়া** একধরনের বুনো গাছ যার কাটা-ডাল দিয়ে দাঁত মাজা হয়। বি।

**আসা** ১. আগমন করা, হাজির হওয়া; ২. দেখা দেওয়া, বার হওয়া (চোখে জল আসা); ৩. শুরু হওয়া (বৃষ্টি আসা); ৪. ঘটা, উদ্ভূত হওয়া (বিপদ আসা); ৫. উপক্রম হওয়া (বমি আসা); ৬. ঢোকা, প্রবেশ করা (আলো আসা); ৭. উপযোগী হওয়া, লাগা (জিনিসটা কাজে আসা চাই); ৮. জোগানো (মাথায় বুদ্ধি আসা)। ক্রিবি।

**আসা-আসি** বারবার আসা যাওয়া, যাতায়াত। বি।

**আসান** অবসান, রেহাই, মুক্তি, নিস্তার, উদ্ধার (মুশকিল আসান)। বি। ফা।

**আসানড়ি** লাঠি। বি।

**আসামি** অভিযুক্ত ব্যক্তি। বি। আ।

**আসা-যাওয়া** ১. আনাগোনা, যাতায়াত, যাওয়া-আসা, গমনাগমন; ২. মেলামেশা, ভাব-ভালবাসা। বি।

**আসার** প্রবল বৃষ্টি, প্রচুর বারিপাত। বি। সং।

**আসালতন** নিজে, স্বয়ং, খোদ। বিণ। আ।

**আসাসোঁটা** লাঠি, ডান্ডা। বি। আ+হি।

**আসিদ্ধ** ১. ঠিকমতো সিদ্ধ হয়নি এমন, আধসেদ্ধ; ২. যা সাধিত বা সম্পন্ন হয়নি, অনিষ্পাদিত। বিণ। সং।

**আসীন** উপবিষ্ট, অধিষ্ঠিত, আরূঢ়। বিণ। সং।

**আসুপ্তি** তন্দ্রা, আধোঘুম। বি। সং।

**আসুর, আসুরিক** ১. অসুর বা দৈত্য সংক্রান্ত; ২. অসুরের মতো, অসুরসুলভ, দানবীয়; ৩. ভীষণ, ভয়ঙ্কর। বিণ। সং।

**আস্ত** ১. গোটা, পুরো, অখণ্ড; ২. সমগ্র, সম্পূর্ণ; ৩. প্রকৃত, পুরোদস্তুর (আস্ত বোকা)। বিণ।

**আস্তব্যস্ত** খুব ব্যস্ত, একটুও তর সইছে না এমন, অতিশয় ব্যাকুল, অস্থির, ব্যগ্র। বিণ।

**আস্তরণ** ১. স্তর (ধুলোর আস্তরণ); ২. ঢেকে রাখার চাদর, আচ্ছাদন; ৩. কোনও কিছুর প্রলেপ, পলেস্তারা। বি। সং।

**আস্তানা** বসত, আশ্রয়স্থল, বাসস্থান, আশ্রম, আড্ডা, ডেরা, ঠেক। বি। ফা।

**আস্তাবল** ঘোড়া থাকার জায়গা, ঘোড়াশাল, অশ্বশালা, মন্দুরা। বি। আ/ইং।

**আস্তিক** ১. ভগবান মানে যে, ঈশ্বরের অস্তিত্বে ও পরলোকে বিশ্বাসী, ঈশ্বরবাদী; ২. যে-ব্যক্তি বেদ-কে ঈশ্বরবাণী বলে মানে এবং শাস্ত্রবিহিত কর্মে শ্রদ্ধাবান। বিণ। সং। বিপ. নাস্তিক।

**আস্তিকতা, আস্তিক্য** ঈশ্বর ও পরলোকে বিশ্বাস, বৈদিক ধর্মাচরণে শ্রদ্ধা। বি। সং। বিপ. নাস্তিকতা, নাস্তিক্য।

**আস্তিন** জামার হাতা। বি। ফা।

**আস্তীর্ণ** ১. বিছিয়ে থাকা, বিছোনো; ২. ছড়ানো, বিস্তীর্ণ, প্রসারিত; ৩. আকীর্ণ, ব্যাপ্ত। বিণ। সং।

**আস্তৃত** ১. বিস্তৃত, প্রসারিত; ২. আবৃত, আচ্ছাদিত। বিণ। সং।

**আস্তে** ১. ধীরে; ২. সযত্নে, সন্তর্পণে; ৩. মৃদুস্বরে, অনুচ্চকণ্ঠে; ৪. চুপেচুপে, নিঃশব্দে। ক্রিবিণ। ফা।

**আস্তে আস্তে** ধীরে ধীরে, ক্রমে ক্রমে, তাড়াহুড়ো না-করে। ক্রিবিণ।

**আস্তেব্যস্তে** ত্রস্তভাবে, ব্যাকুলভাবে। ক্রিবিণ।

**আস্থা** ভরসা, নির্ভরতা, বিশ্বাস। বি। সং।

**আস্থান** ১. অবস্থিতি; ২. আশ্রয়, স্থান; ৩. সভা, সমাজ। বি। সং।

**আস্থায়ী** গানের প্রথম তুক বা অংশ যা ফিরে গাওয়া হয়। বি। সং।

**আস্পদ** পাত্র, আধার, ভাজন (স্নেহাস্পদ; শ্রদ্ধাস্পদ)। বি। সং।

**আস্পর্ধা** স্পর্ধা, তেজ, দম্ভ। বি। সং।

**আস্ফালন** ১. বড়াই করা, দেমাক দেখানো, গর্বপ্রকাশ, দর্পপ্রদর্শন; ২. জোরে হাত-পা ছোড়া, সবেগে কিছু নাড়াতে থাকা। বি। সং।

**আস্ফালিত** ১. আস্ফালনপূর্ণ; ২. বেগে সঞ্চালিত। বিণ। সং।

**আস্ফোট** ১. ঠোকাঠুকি বা আছড়ানোর শব্দ; ২. পালোয়ানদের তাল ঠোকা, মালশাট। বি। সং।

**আস্বচ্ছ** ঈষৎ স্বচ্ছ। বিণ। সং।

**আস্বাদ** স্বাদ, রসগ্রহণ। বি। সং।





**আস্বাদক** স্বাদগ্রহণকারী, রসগ্রাহী। বিণ। সং।

**আস্বাদন** ১. স্বাদ নেওয়া, জিভ দিয়ে স্বাদ অনুভব করা, চাখা; ২. রসগ্রহণ, উপভোগ। বি। সং।

**আস্বাদিত** স্বাদগ্রহণ করা হয়েছে এমন, গৃহীতস্বাদ। বিণ। সং।

**আস্বাদ্য** স্বাদগ্রহণের যোগ্য, আস্বাদনযোগ্য, আস্বাদনীয়। বিণ। সং।

**আস্য** মুখ, বদন, আনন। বি। সং।

**আহত** আঘাতপ্রাপ্ত, জখম, ঘায়েল। বিণ। সং।

**আহদ** প্রতিশ্রুতি, অঙ্গীকার। বি। আ।

**আহব** ১. লড়াই, যুদ্ধ, রণ; ২. যজ্ঞ। বি। সং।

**আহবনীয়** ১. হোম করার যোগ্য; ২. যজ্ঞাগ্নি। বি। সং।

**আহমদ** ১. সবচেয়ে প্রশংসিত মানুষ; ২. হজরত মোহম্মদের অন্য নাম; ৩. মুসলমানদের নামের অংশ। বি। আ।

**আহরণ** ১. সংগ্রহ, চয়ন, সঞ্চয়; ২. সঙ্কলন; ৩. আয়োজন; ৪. উপার্জন। বি। সং।

**আহরণী** যা সংগ্রহ বা সঙ্কলন করা হয়েছে, সঞ্চয়নী, চয়নিকা। বি। সং।

**আহরণীয়** সংগ্রহ বা চয়ন করার মতো, সংগ্রহযোগ্য, চয়নযোগ্য। বিণ। সং।

**আহরিত** সংগৃহীত, সঞ্চিত, আহৃত। বিণ। সং।

**আহরিৎ** ঈষৎ সবুজ। বিণ। সং।

**আহা** ১. হায় হায়, হায় (আহা, কী হবে); ২. কী সুন্দর, চমৎকার (আহামরি রূপ)। শ।

**আহাম্মক, আহাম্মুক** বোকা, বেকুব, কাণ্ডজ্ঞানহীন, নির্বোধ। বিণ। আ।

**আহাম্মকি, আহাম্মুকি** বোকামি, বেকুবি, নির্বুদ্ধিতা, মূর্খামি। বি। আ।

**আহার** ১. খাওয়া, ভোজন, খাদ্যগ্রহণ; ২. খাদ্য, ভোজ্যবস্তু। বি। সং।

**আহারবিহার** ভোজন ও বিচরণ, খাওয়াদাওয়া ও আমোদআহ্লাদ। বি। সং।

**আহারী** ১. ভোজনকারী (মিতাহারী); ২. ভোজনে পটু। বিণ। সং।

**আহার্য** ১. আহারের বস্তু, ভোজনের জিনিস, খাদ্যদ্রব্য, ভোজ্যবস্তু। বি; ২. আহরণযোগ্য, সংগ্রহযোগ্য। বিণ। সং।

**আহিঙ্কে** কিছু পাবার জন্য প্রবল আকাঙ্ক্ষা, লোভ, লালসা। বি।

**আহিত** রক্ষিত, ন্যস্ত, স্থাপিত, নিহিত (আহিত শক্তি)। বিণ। সং।

**আহিতাগ্নি** সাগ্নিক, অগ্নিহোত্রী। বি। সং।

**আহির** গোয়ালা, গোপ, আভীর। বি।

**আহিরপল্লি** গোয়ালাপাড়া, গোপমহল্লা, ঘোষপল্লি। বি।

**আহিরিটোলা** ১. গোয়ালাদের মহল্লা; ২. উত্তর কলকাতার একটি এলাকা। বি।

**আহুত** যজ্ঞের আগুনে যা অর্পণ করা হয়েছে। বিণ। সং।

**আহুতি** ১. দেবতার উদ্দেশে আগুনে ঘি ঢালা; ২. হোমের আগুনে যা অর্পণ করা হয়; ৩. কোনও আদর্শ রক্ষায় বা মহৎ উদ্দেশ্যে জীবন উৎসর্গ, আত্মবলি (আত্মাহুতি)। বি। সং।

**আহূত** আহ্বান করা বা ডাকা হয়েছে এমন, আমন্ত্রিত, নিমন্ত্রিত। বিণ। সং।

**আহূতি** আমন্ত্রণ, আহ্বান, ডাক। বি। সং।

**আহৃত** যা জোগাড় বা জমা করা হয়েছে, আহরিত, চয়িত, সঞ্চিত, সংগৃহীত, সঙ্কলিত। বিণ। সং।

**আহেল, আহেলি** ১. খাঁটি, খাস, আসল; ২. নতুন। বিণ। আ।

**আহেল বিলাত** বিদেশ থেকে নবাগত আর নতুন দেশ সম্পর্কে অভিজ্ঞ। বিণ। আ।

**আহেলে জবান** ১. মাতৃভাষাভাষী; ২. ভাষা বিশেষজ্ঞ। বিণ। আ+ফা

**আহ্নিক** ১. অহ্ন বা দিন সম্বন্ধে, দৈনিক, প্রাত্যহিক। বিণ; ২. উচ্চবর্ণের হিন্দুর দিনে তিনবার নিয়মিত জপতপ ও অর্চনা করার রীতি। বি। সং।

**আহ্নিকগতি** পৃথিবীর নিজের অক্ষদণ্ড ঘিরে দৈনিক আবর্তন যার ফলে দিন ও রাত হয়, এক দিনরাতে অর্থাৎ চব্বিশ ঘণ্টায় পৃথিবী নিজেকে ঘিরে যে পাক খায়। বি। সং।

**আহ্বান** ১. ডাক; ২. সম্বোধন; ৩. আমন্ত্রণ। বি। সং।

**আহ্বায়ক** ১. যে আহ্বান বা আমন্ত্রণ করে, আহ্বানকারী; ২. উদ্যোক্তা, মুখ্য আয়োজক। বি। সং।

**আহ্লাদ** আনন্দ, তৃপ্তি, পুলক, হর্ষ। বি। সং।

**আহ্লাদি** আদুরে, সোহাগি, আদরিণী। বি।

**আহ্লাদিত** আনন্দিত, পুলকিত, হৃষ্ট। বিণ। সং।

**আহ্লাদিনী** ১. আনন্দদায়িনী; ২. আদুরে মেয়ে। বি। সং।

**আহ্লাদী** আনন্দময় স্বভাব এমন মেয়ে, আমুদে প্রকৃতির কন্যা। বিণ। সং।

**আহ্লাদে** ১. সদানন্দ, সবসময় হৃষ্টচিত্ত; ২. আদুরি। বিণ।





# ই

**ই** নিশ্চয়তা - বিস্ময় - খেদ - অনুকম্পা - সমর্থন ই.দ্যোতক, কেবল বা মাত্র বোধক।

**ইউনানি** ১. প্রাচীন গ্রিসদেশীয়। বিণ; ২. হেকিমি চিকিৎসা ব্যবস্থা। বি। আ।

**ইউনিভার্সিটি** বিশ্ববিদ্যালয়। বি। ইং।

**ইউনিয়ন** ১. সম্মিলনী, সংযুক্তি, কর্মীসংঘ; ২. বিশেষ উদ্দেশ্যে সমমনস্ক সদস্যদের নিয়ে গঠিত সংগঠন (ট্রেড ইউনিয়ন); ৩. একাধিক স্বতন্ত্র রাজ্য বা রাষ্ট্র নিয়ে গঠিত সমবায়। বি। ইং।

**ইউরেশীয়** ১. যার মা-বাবার মধ্যে একজন ইউরোপীয় অপরজন এশীয়। বি; ২. ইউরোপ ও এশিয়া এই দুই মহাদেশের মানুষের মিশ্রণে জাত সঙ্কর গোষ্ঠী। বিণ। ইং।

**ইউরোপীয়** ইউরোপ বিষয়ে; ইউরোপের অধিবাসী; ইউরোপ মহাদেশের। বিণ।

**ইংরেজ/ইংরাজ** ইংল্যান্ড যার মাতৃভূমি বা স্বদেশ, বিলেতের মানুষ, সাহেব। বি। পো/ফ।

**ইংরেজি/ইংরাজি** ১. ইংরেজ জাতি সম্বন্ধে; ২. ইংরেজের দেশ বিষয়ে; ৩. ইংল্যান্ডে প্রচলিত, সাহেবি, বিলিতি (ইংরেজি আদবকায়দা; ইংরেজি আইনকানুন); ৪. ইংরেজের ভাষা, ইংল্যান্ডের মানুষের মাতৃভাষা (ইংরেজি শেখা)। বিণ।

**ইংরেজি কেতা** সাহেবি কায়দা। বি।

**ইঁচড়, এঁচোড়** কচি কাঁঠাল, আপাকা কাঁঠাল। বি।

**ইঁদারা** পাড় বাঁধানো গভীর কুয়ো, পাতকুয়া। বি।

**ইঁদুর** ছুঁচোলো-দাঁত ছোট-কানজোড়া আর সরু ল্যাজের কিছুটা লম্বাটে ছোট প্রাণী, মূষিক, ইন্দুর। বি।

**ইঁদুরজালি** কচি অবস্থাতেই যে-ফলের ভিতরটা নষ্ট হয়ে যায়। বি।

**ইকড়ি মিকড়ি** মেঝেতে দু হাতের আঙুল উল্টো করে পেতে ছড়া কেটে ছোটদের একরকম খেলা। বি।

**ইকনমিকস** অর্থনীতি, ধনবিজ্ঞান। বি। ইং।

**ইকেবানা** কোনও আধারে ফুল সাজিয়ে রাখবার বিশেষ জাপানি প্রণালী। বি। জা।

**ইক্ষু** সরু বাঁশের মতন খাড়া লম্বা গাছ যার দণ্ডের মিষ্টি রস নিংড়ে গুড় ও চিনি তৈরি করা হয়, আখ। বি। সং।

**ইগল** বাজপাখির মতন এক ধরনের বিশাল পাখি। বি। ইং।

**ইগলু** উত্তরমেরু অঞ্চলে এস্কিমোদের থাকবার জন্য শক্ত বরফের টুকরো সাজিয়ে গড়া গম্বুজের মতন ছোট আস্তানা। বি। ইং।

**ইঙ্গবঙ্গ** ১. ইংরেজ ভাবাপন্ন বাঙালি; ২. ইংরেজি বাংলা মেশানো ভাষা। বি/বিণ।

**ইঙ্গভারতীয়** ১. ইংরেজ ও ভারতীয়ের মিশ্রণ; ২. ইংরেজ ও ভারতীয়দের মিলনে উদ্ভূত জাতি, ফিরিঙ্গি, ট্যাঁস। বি।

**ইঙ্গায়িত** সাহেবি ভাবাপন্ন, ইংরেজিয়ানায় আচ্ছন্ন। বিণ।

**ইঙ্গিত** ইশারা, সঙ্কেত, আভাস। বি। সং।

**ইঙ্গিতে** ঠারেঠোরে, হাবেভাবে, আভাসে। ক্রিবিণ।

**ইঙ্গুদী** কাঁটাওয়ালা একধরনের গাছ যার ফলের বীজ থেকে তেল তৈরি করা হত, তাপসতরু। বি। সং।

**ইচ্ছা** সাধ, বাসনা, অভিলাষ, বাঞ্ছা, স্পৃহা, রুচি, প্রবৃত্তি, মর্জি। বি। সং।

**ইচ্ছাকৃত** স্ব-ইচ্ছায় সম্পাদিত, অভিলষিত, ঈপ্সিত। বিণ। সং।

**ইচ্ছাক্রমে** ইচ্ছানুসারে, স্বেচ্ছামতে, আপন মর্জি অনুযায়ী। ক্রিবিণ।

**ইচ্ছানুযায়ী, ইচ্ছানুসারে** ইচ্ছামতো, ইচ্ছানুগ, আপন রুচিমাফিক। ক্রিবিণ।

**ইচ্ছাপত্র, ইষ্টিপত্র** কোনও ব্যক্তির মৃত্যুর পর তার বিষয়সম্পত্তি অর্পণের ব্যাপারে লিখিত যে-নির্দেশ কার্যকর হয়, উইল। বি। সং।

**ইচ্ছাপূরণ** মনোবাসনা সার্থক হওয়া, কাঙ্ক্ষিত ফলপ্রাপ্তি, ইষ্টপূর্তি। বি। সং।

**ইচ্ছাপূর্বক** অভিপ্রায় বা বাঞ্ছা অনুসারে, স্বেচ্ছামতো, ইচ্ছা করে। ক্রিবিণ। সং।

**ইচ্ছাবিরুদ্ধ** বাসনার বিপরীত, অনভিলষিত। বিণ। সং।

**ইচ্ছামতো** মর্জিমাফিক, যথা অভিরুচি, খেয়াল অনুযায়ী, প্রবৃত্তি অনুসারে। ক্রিবিণ।

**ইচ্ছাময়** যার ইচ্ছায় সবকিছু সংঘটিত হয়, সর্বশক্তিমান ঈশ্বর। বি। সং।

**ইচ্ছামৃত্যু** ১. স্বেচ্ছায় দেহ বিসর্জন। বি; ২. মৃত্যু যার আপন ইচ্ছার অধীন। বিণ। সং।

**ইচ্ছায়ত্ত** বাসনার বশীভূত। বিণ। সং।

**ইচ্ছাশক্তি** ইচ্ছার সামর্থ্য, মনের জোর, মানসিক বল। বি। সং।

**ইচ্ছিত** ঈপ্সিত, বাঞ্ছিত, অভিলষিত, কাঙ্ক্ষিত। বিণ।

**ইচ্ছু** ইচ্ছাশীল, অভিলাষী (শুভেচ্ছু; লাভেচ্ছু)। বিণ। সং।

**ইচ্ছুক** ১. ইচ্ছা আছে যার, ইচ্ছাশীল, অভিলাষী; ২. রাজি, সম্মত, আগ্রহী। বিণ। সং।

**ইজম** মতবাদ, মতাদর্শ, নীতি। বি। ইং।

**ইজা** হিসাবের বই-এ আগের পাতার খরচের যোগফল পরের পাতার গোড়ায় লেখা, জের। বি। আ।

**ইজাব** মুসলিম বিবাহ অনুষ্ঠানে কন্যাপক্ষের প্রস্তাব ও কন্যার স্বীকৃতি। বি। আ।

**ইজাবকবুল** মুসলিম বিবাহ অনুষ্ঠানে কন্যাপক্ষের বিবাহ প্রস্তাবে কন্যার সম্মতিসূচক বাক্য ও বরের গ্রহণে স্বীকারোক্তি। বি। আ।

**ইজারা** নির্দিষ্ট খাজনায় জমির মেয়াদি বন্দোবস্ত, ঠিকা বন্দোবস্ত, নির্দিষ্ট সময়কালের জন্য ভোগদখলের অধিকার, লিজ। বি। আ।

**ইজারাদার** যে ইজারা নিয়েছে, ঠিকাদার। বি। আ+ফা।

**ইজারামহল** ইজারাপ্রাপ্ত জমিজমা। বি। আ।

**ইজিচেয়ার** হাতল-দেওয়া যে আসনে আধ-শোয়া অবস্থায় আরাম করে গা এলিয়ে দেওয়া যায়, আরামকেদারা। বি। ইং।

**ইজের** ১. দড়ির ফাঁস দেওয়া ঢিলে খাটো প্যান্ট; ২. ঢোলা পাতলুন, পাজামা। বি। আ।





**ইজেল** স্ট্যান্ড দেওয়া যে কাঠের ফ্রেমে ছবি আঁকার কাগজ বা বোর্ড আটকে রাখা হয়। বি। ইং।

**ইজ্জত** ১. মান, সম্মান, সম্ভ্রম; ২. নারীর পবিত্রতা, আবরু। বি। আ।

**ইঞ্চি** দৈর্ঘ্য মাপার পুরোনো হিসেব, এক ফুটের বারো ভাগের এক ভাগ, আড়াই সেন্টিমিটারের একটু বেশি (২.৫৪ সেমি)। বি। ইং।

**ইঞ্জিন** যে-যন্ত্র কোনও কিছুকে চালায়, যে যন্ত্রের সাহায্যে গতি আসে, চালকযন্ত্র। বি। ইং।

**ইঞ্জিনিয়ার** যন্ত্রবিজ্ঞানবিদ, প্রযুক্তিবিদ, প্রকৌশলী, বাস্তুকার। বি। ইং।

**ইঞ্জিনিয়ারিং** ১. যন্ত্রবিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল। বি; ২. যন্ত্রনির্মাণ বা যন্ত্রবিজ্ঞান সংক্রান্ত। বিণ। ইং।

**ইঞ্জিল** আরবি ভাষায় খ্রিস্টান ধর্মগ্রন্থ বাইবেলের নাম। বি। আ।

**ইঞ্জেকশন, ইনজেকশন** শরীরে ছুঁচ ফুটিয়ে তরল ওযুধ ঢুকিয়ে দেওয়া। বি। ইং।

**ইট** মাটি ছেনে চৌপল ছাঁচে ফেলে ছোট ছোট চাঁই গড়ে পুড়িয়ে নিয়ে বানানো যে-বস্তু দিয়ে দেয়াল-পাঁচিল-ঘরবাড়ি ই. গাঁথার কাজ হয়, ইষ্টক। বি।

**ইটখোলা** যেখানে ইট তৈরি ও পাঁজা পোড়ানোর কাজ হয়। বি।

**ইটপাটকেল** আস্ত ও টুকরো ইট। বি।

**ইটভাটা** কাঁচা ইট পোড়ানো হয় যে-চুল্লিতে। বি।

**ইড়া** শরীরের বাঁদিকে তন্ত্রোক্ত রক্তবাহী নাড়ি। বি। সং।

**ইতর** ১. হীন, নীচ, অধম, পামর (ইতর লোক); ২. পশু-জাতীয় (ইতরপ্রাণী); ৩. অপর, ভিন্ন, অন্য (বঙ্গেতর; মনুষ্যেতর)। বিণ। সং।

**ইতরতা** নীচতা, নিম্নরুচির আচরণ, অভদ্রতা, অশিষ্টতা, ইতরামো। বি। সং।

**ইতরবিশেষ** কমবেশি, কিছুটা তফাত, সামান্য হেরফের, অল্প ভিন্নতা। বিণ। সং।

**ইতরভাষা** ১. অমার্জিত ভাষা, অপভাষা; ২. অকথ্য বাক্য, কটূক্তি। বি। সং।

**ইতরামি, ইতরামো** নীচলোকের মতো আচরণ, নিম্নরুচির প্রকাশ, অভদ্রতা। বি।

**ইতরেতর** পরস্পর, উভয়ত। বিণ। সং।

**ইতশ্চেত** এদিকে-ওদিকে, এধারে-ওধারে, সবখানে। ক্রিবিণ। সং।

**ইতস্তত** ১. এধারে-ওধারে, এখানে-সেখানে, নানা দিকে, এলোমেলোভাবে। ক্রিবিণ; ২. দোটানা, দ্বিধা, সঙ্কোচ, কুণ্ঠা। বি। সং।

**ইতি** ১. শেষ, সমাপ্তি, ক্ষান্তি, সাঙ্গ, অবসান। বি; ২. এই, এরকম (ইতিকর্তব্য; ইত্যাকার)। বিণ। সং।

**ইতিউতি** এদিক-সেদিক, এধারে-ওধারে। ক্রিবিণ।

**ইতিকথা** কাহিনি, আখ্যান, বৃত্তান্ত, ইতিহাস। বি। সং।

**ইতিকর্তব্য** কর্তব্যকর্ম, করণীয় কাজ। বিণ। সং।